

বই পৌঁছে গেছে স্কুলে অপেক্ষা উৎসবের

■ সমকাল প্রতিবেদক

বিনামূল্যের পাঠ্যপুস্তক ছাপানো ও এসব বই দেশের সব বিদ্যালয়ে পৌঁছে গেছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

তিনি বলেন, ১ জানুয়ারি সারাদেশে পাঠ্যপুস্তক উৎসব পালন করা হবে। এ জন্য ওই দিন দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। সচিবালয়ে গতকাল মঙ্গলবার নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

আর একদিন পর শুরু হতে যাওয়া ২০১৬ শিক্ষাবর্ষের জন্য এবার প্রাক-প্রাথমিক, প্রাথমিক, ইবুতেদায়ি, মাধ্যমিক, দাখিল, দাখিল ভোকেশনাল, এসএসসি ভোকেশনাল মিলিয়ে মোট চার কোটি ৪৪ লাখ ১৬ হাজার ৭২৮ শিক্ষার্থীর মধ্যে ৩৩ কোটি ৩৭ লাখ ৬২ হাজার ৭৬০টি বিনামূল্যের বই বিতরণ করা হবে। মোট ২৯১টি বিষয়ের বই এর মধ্যে রয়েছে বলে জানান নুরুল ইসলাম নাহিদ।

মন্ত্রী বলেন, 'আগামী গুরুবার' ১ জানুয়ারি আমরা পাঠ্যপুস্তক উৎসব পালন করব এবং সব শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ করব। বলা হচ্ছে, কিছু বই ছাপা শেষ হয়নি। প্রাথমিকের কিছু বইয়ে সমস্যা ছিল। এ বই

ছাপার কাজ একটু দেরিতে শুরু করতে হয়েছে। সেই বই ছাপার কাজও সম্পন্ন হয়েছে।' এর আগে ৩১ ডিসেম্বর সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিনামূল্যের বই বিতরণ কার্যক্রম উদ্বোধন করবেন বলে জানান নাহিদ।

শিক্ষামন্ত্রী বলেন, আমি আপনাদের নিশ্চয়তা দিয়ে বলছি, আমাদের সব বই ছাপা সম্পন্ন হয়েছে। সব বই শিক্ষা প্রতিষ্ঠানের দ্বারপ্রান্তে পৌঁছে গেছে। এটা নিয়ে দুশ্চিন্তার কোনো কারণ নেই। আমি দেশবাসীকে আশ্বস্ত করছি, আমাদের বই যথাসময়ে পৌঁছে গেছে। এখন উৎসবের পালা।

সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি আমরা আহ্বান জানাচ্ছি, ১ জানুয়ারি গুরুবার কোনো শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে না। উৎসব করে শিক্ষার্থীরা স্কুলে এসে বই নিয়ে বাড়ি যাবে। আমরা সব জায়গায় বলেছি, জনপ্রতিনিধি, শিক্ষাবিদরা যেন ছেলেমেয়েদের উৎসাহিত করতে তাদের পাশের শিক্ষা প্রতিষ্ঠানে যান।

নুরুল ইসলাম নাহিদ বলেন, 'কেন্দ্রীয়ভাবে ঢাকার গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলমাঠে ১ জানুয়ারি সকাল ৯টায় পাঠ্যপুস্তক উৎসব পালন করা হবে। সেখানে শিক্ষা মন্ত্রণালয় সহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা উপস্থিত থাকবেন।'